

সহীহ ইবনু হিব্বান (হাদিসবিডি)

হাদিস নাম্বারঃ ১৯৪১

৯. কিতাবুস সালাত (كتاب الصلاة)

পরিচ্ছেদঃ তাশাহহুদে মুসল্লী ব্যক্তি তার আঙ্গুলগুলিকে কিভাবে রাখবে তার বিবরণ

ذِكْرُ وَصنْفِ مَا يَجْعَلُ الْمَرْءُ أَصَابِعَهُ عِنْدَ الْإِشَارَةِ فِي التَّشَهُّدِ

আরবী

1941 _ أَخْبَرَنَا عُمَرُ بْنُ مُحَمَّدٍ الْهَمَذَانِيُّ قَالَ: حَدَّقَنَا عَمْرُو بْنُ عَلِيٍّ قَالَ: حَدَّقَنَا اَبْنُ عَجْلَانَ عَنْ عَامِرِ بْنِ عَبْدِ اللَّهِ بْنِ الزَّبْيْرِ عَنْ أَبِيهِ أَنَّ النَّبِيَّ صَلَّى الْقَطَّانُ قَالَ: حَدَّقَنَا ابْنُ عَجْلَانَ عَنْ عَامِرِ بْنِ عَبْدِ اللَّهِ بْنِ الزَّبُيْرِ عَنْ أَبِيهِ أَنَّ النَّبِيَّ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ: كَانَ إِذَا تَشَهَّدَ وَضَعَ يَدَهُ الْيُسْرَى عَلَى فَخِذِهِ الْيُسْرَى وَوَضَعَ يَدَهُ اللَّيُمْنَى عَلَى فَخِذِهِ الْيُسْرَى وَوَضَعَ يَدَهُ اللَّيُمْنَى عَلَى فَخِذِهِ الْيُسْرَى وَوَضَعَ يَدَهُ اللَّيُمْنَى عَلَى فَخِذِهِ اللَّيُمْنَى وَأَشَارَ بأصبعه السبابة لا يجاوز بصره إشارته. الراوي : عَبْد اللَّهِ بْنِ الزُّبَيْرِ المحدث : العلامة ناصر الدين الألباني ا المصدر : التعليقات الحسان على صحيح ابن حبان التعليقات الحسان على صحيح ابن حبان الصفحة أو الرقم: 1941 ا خلاصة حكم المحدث: حسن صحيح - ((صحيح أبي داود)) (910).

বাংলা

১৯৪১. আব্দুল্লাহ বিন যুবাইর রাদিয়াল্লাহু আনহু থেকে বর্ণিত, তিনি বলেন, "রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম যখন তাশাহহুদ পাঠ করতেন, তখন তিনি বাম হাত বাম উরুর উপর রাখতেন, ডান হাত ডান উরুর রাখতেন এবং তর্জনীর সাহায্যে ইশারা করতেন। এসময় তাঁর দৃষ্টি (তর্জনীর সাহায্যে) ইশারার স্থানকে অতিক্রম করতো না।"[1]

ফুটনোট

[1] সহীহ মুসলিম: ৫৭৯; সুনান বাইহাকী: ২/১৩১; দারাকুতনী: ১/৩৪৯-৩৫০; দারেমী: ১/৩০৮; আবূ দাউদ: ৯৮৯; নাসাঈ: ৩/৩৭; আবূ আওয়ানা: ২/২২৬; বাগাবী, শারহুস সুন্নাহ: ৬৭৬।

হাদীসটিকে আল্লামা শুআইব আল আরনাউত রহিমাহুল্লাহ শক্তিশালী বলেছেন। আল্লামা নাসির উদ্দিন আলবানী



রহিমাহুল্লাহ হাদীসটিকে হাসান-সহীহ বলেছেন। (সহীহ আবূ দাউদ: ৯১০)

হাদিসের মান: হাসান (Hasan) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিসবিডি 🛘 বর্ণনাকারীঃ আবদুল্লাহ্ ইবনু-যুবায়র (রাঃ)

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন